

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-০২)- ৭২০২

তারিখ: ২০/০৬/২০২২ বঙ্গাব্দ
০৪/০৭/২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: ২০ জুন ২০২২ খ্রিঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে অনুষ্ঠিত মহাপরিচালক মহোদয়ের দরবারের কার্যবিবরণী:

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাইন উদ্দিন, বিএসপি, এনডিসি, পিএসসি, জি, এমফিল মহোদয় দরবারে উপস্থিত হলে তাঁকে গার্ড অব অনার প্রদান করা হয়। সশ্রদ্ধ অভিবাদন জ্ঞাপন করে মহাপরিচালক মহোদয়ের নিকট দরবার হস্তান্তর করেন অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ ওহিদুল ইসলাম।

০২। পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ-এর মাধ্যমে দরবার শুরু হয়। মহাপরিচালক মহোদয় দরবারে অংশগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীদের স্বাগত জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। বক্তব্যের প্রারম্ভে, তিনি সরকারের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুহাম্মদ রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন: এরপর তিনি আন্তরিক ভাবে, মহান মুক্তিযুদ্ধের সফল শহীদ ও বীর মুক্তিযোদ্ধা এবং ১৫ আগস্ট জাতির পিতার সাথে শাহাদত বরণকারীসহ চট্টগ্রামের সীতাকুণ্ড উপজেলার কদমরসুল শীতলপুর গ্রামে বিএম কনটেইনার ডিপোতে ভয়াবহ অগ্নিকান্ডে এ বিভাগের যে সকল কর্মকর্তা ও কর্মচারী অগ্নিনির্বাপণের সময় শাহাদত বরণকারীদের সকল সদস্যের প্রতি বিনম্র শ্রদ্ধা জানান।

০৩। এ বিভাগকে উন্নত করণের লক্ষ্যে এ বিভাগের প্রশাসনিক, অপারেশনাল, উন্নয়ন ও প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে বাস্তব ভিত্তিক দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন এবং এই উন্নয়ন কাজে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা জানান। বাকি সময়ে সকলেই তাঁকে একইভাবে সহযোগিতা করবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

০৪। বিস্তারিত বক্তব্যের পর মহাপরিচালক মহোদয় দরবারে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ প্রদান করেন:

ক্র. নং	বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১.	শ্রদ্ধা ও ধন্যবাদ জ্ঞাপন	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক পদে নিযুক্ত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের প্রতি আন্তরিক শ্রদ্ধা ও ধন্যবাদ জ্ঞাপন করেন;	পরিচালক (সকল)
২.	সিলেট বিভাগের বন্যার বিষয়ে আলোচনা	ভারী বৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলের বন্যায় বিপর্যস্ত হয়ে পড়েছে সিলেট অঞ্চল। টানা বর্ষণ ও পাহাড়ি ঢলে হহ করে বাড়ছে পানি। প্লাবিত হয়েছে সিলেট শহর ও বিভিন্ন উপজেলা। উক্ত বন্যা মোকাবেলায় এ বিভাগ কর্তৃক ডুবুরি ইউনিট গঠন করে উদ্ধার কাজের নিমিত্ত প্রেরণ করা হয়েছে।	পরিচালক (সকল)
৩.	আজীবন রেশন প্রদান	এ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীদের আজীবন রেশন প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;	পরিচালক (প্রশাসন ও অর্থ)
৪.	স্কুল প্রতিষ্ঠা বিষয়ে আলোচনা	এ অধিদপ্তরাধীন প্রতিটি বিভাগে একটি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে এবং বিদ্যালয়ের নাম হবে “ফায়ার সার্ভিস প্রাথমিক বিদ্যালয়”। এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;	পরিচালক (সকল)
৫.	হাসপাতাল নির্মাণ	অগ্নিকান্ডে আহত এ বিভাগের ব্যক্তিবর্গসহ সকল কর্মকর্তা ও কর্মচারীদের চিকিৎসা প্রদানের নিমিত্ত এ অধিদপ্তরাধীন একটি বৃহৎ হাসপাতাল তৈরীর লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করতে হবে;	পরিচালক (সকল)
৬.	দেশে ও বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা	দেশে ও বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে অগ্নিদুর্ঘটনা ও উদ্ধার কাজের উপর বিশেষ দক্ষতা অর্জনের নিমিত্ত বিনিয়োগ প্রশিক্ষণে ব্যবহারিক অনুশীলনের উপর বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে। তাছাড়া অপারেশনাল কাজে নিয়োজিতদের নিয়মিত সাজ-সরঞ্জামাদির ব্যবহারবিধি অনুশীলন বৃদ্ধি করতে হবে। কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে আধুনিক সাজ-সরঞ্জামাদির বিষয়ে নিয়মিত সতেজকরণ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন, শুদ্ধাচার, সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে জনপ্রতি ন্যূনতম ৬০ ঘন্টা প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)